গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.dinajpur.gov.bd

স্মারক নম্বর-০৫.৫৫.২৭০০.০০৮.০৪.০০৪.২৩-৪৫২ তারিখ : ০৪ আষাঢ়, ১৪৩৩ / ১৮ জুন, ২০২৬

**ফৌজদারি কার্যবিধির ১৮৯৮ সালের ১৪৪ ধারার আওতায় জারিকৃত আদেশ**

যেহেতু কর অঞ্চল দিনাজপুর এর শূন্য পদে নিয়োগ পরীক্ষা দিনাজপুর জেলার সদর উপজেলায় নিম্নবর্ণিত ৬ টি কেন্দ্র ক) জিলা স্কুল, দিনাজপুর, খ) দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর, গ) আদর্শ কলেজ, দিনাজপুর, ঘ) দিনাজপুর সরকারি মহিলা কলেজ, দিনাজপুর, ঙ) দিনাজপুর পলিটেকনিক ইন্সটিটিউট, দিনাজপুর, চ) কলেজিয়েট গার্লস হাই স্কুল এন্ড কলেজ, দিনাজপুর এ **আগামী ১৯ জুন, ২০২৬ তারিখ** অনুষ্ঠিত হবে।

যেহেতু আমার নিকট এই মর্মে প্রতীয়মান হয়েছে যে, উল্লিখিত পরীক্ষা চলাকালীন বিশৃঙ্খলা সৃষ্টি তথা আইন-শৃঙ্খলা অবনতি হতে পারে যা কোনো উপায়ে নিবারণ করা সম্ভব নয়;

সেহেতু আমি মোঃ জানে আলম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর আমার উপর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের চারপার্শ্বে ২০০ গজ এলাকায় পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) ঘন্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ০১ (এক) ঘন্টা পর পর্যন্ত ফৌজদারি কার্যবিধির ১৮৯৮ সালের ১৪৪ ধারা মতে নিম্নবর্ণিত কার্যসমূহের উপর নিষেধাজ্ঞা জারি করলাম।

১) পাঁচ বা ততোধিক ব্যক্তির একত্রে সমাবেশ;
২) যে কোনো ধরণের অস্ত্র বা লাঠিসোটা/আগ্নেয়াস্ত্র বহন;
৩) যে কোনো ধরণের স্লোগান বা মিছিল করা;
৪) মাইক, মেগাফোন বা অন্য কোনো শব্দ উচ্চারণ করার যন্ত্র ব্যবহার করা;
৫) পরীক্ষা কেন্দ্রের আশেপাশে ফটোকপি মেশিন ব্যবহার করা;
৬) পরীক্ষা কেন্দ্র এবং কেন্দ্রের আশেপাশে সকল ধরণের মোবাইল/ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার অথবা
৭) এমন কোনো কার্য না করা যাতে পরীক্ষার সুষ্ঠু পরিবেশ ব্যাহত হতে পারে।

এ নিষেধাজ্ঞা পরীক্ষার্থী/পরীক্ষা কেন্দ্র কমিটির সদস্য/সংশ্লিষ্ট পরীক্ষা তদারকি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং আইন-শৃঙ্খলা বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

ফৌজদারি কার্যবিধির ১৮৯৮ সালের ১৪৪ ধারার ২ উপ-ধারার বিধানমতে আমার স্বাক্ষর ও সীলমোহরে ১৮ জুন ২০২৬ তারিখে এ আদেশ জারি করলাম।

১৮।০৬।২০২৬
(মোঃ জানে আলম)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।
ফোন: ০২৫৮৯৯২৫১৫৫ (অফিস)

CamScanner

স্মারক নম্বর-০৫.৫৫.২৭০০.০০৮.০৪.০০৪.২৩- ৪৫২ (২৫)

তারিখ : ০৪ আষাঢ়, ১৪৩৩
১৮ জুন, ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০২. পুলিশ সুপার, দিনাজপুর।

০৩. কোম্পানী কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর।

০৪. উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর। [ প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পত্র জারীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

০৫. উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন) ও সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি।

০৬. সহকারী কমিশনার (গোপনীয়)। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৭. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

০৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর

০৯. সিনিয়র জেলা তথ্য অফিসার, দিনাজপুর। তাঁকে পরীক্ষা শুরুর পূর্বেই উক্ত ১৪৪ ধারার আদেশটি পরীক্ষা কেন্দ্রে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

১০. অধ্যক্ষ/সুপার ..................................................................................................., দিনাজপুর।

১১. প্রধান শিক্ষক, ..................................................................................................., দিনাজপুর।

১২. অফিস কপি।

১৮/০৬/২০২৬

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

CamScanner